

(একই নম্বরের একই তারিখে জারীকৃত পত্রের স্থলাভিষিক্ত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা-১০০০
(প্রশাসন-১ শাখা)

০৭ মাঘ ১৪২০

তারিখ-----

১৯ ফেব্রুয়ারি ২০১৪

স্মারক নং ৪৮.০০.০০০০.০০১.৫০.০০১.১১-১১৪

বিষয় : মুক্তিযোদ্ধার পোষ্য কোটায় নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সনদ যাচাই।

বর্তমান সরকার মুক্তিযুদ্ধের চেতনার সরকার। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশনার প্রেক্ষিতে মুক্তিযোদ্ধার সন্তানদের নিয়োগের ক্ষেত্রে ৩০% কোটা সংরক্ষণের সরকারি সিদ্ধান্ত রয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে নিয়োগ পরীক্ষার পরে শেষ পর্যায়ে নিয়োগের চূড়ান্ত সিদ্ধান্তের আগে মুক্তিযোদ্ধার সনদ যাচাই বাছাই এর জন্য এ মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। আরও লক্ষণীয় যে, নিয়োগকারী সংস্থা থেকে সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে মুক্তিযোদ্ধা সনদসমূহ যাচাইয়ের নিমিত্তে প্রেরণের জন্য কোন কোন ক্ষেত্রে কয়েকমাস সময় অতিক্রান্ত হয় বিধায় তারা সাধারণ প্রার্থীদের সাথে যথাসময়ে যোগদান করতে পারেন না। এর ফলে একই সময়ে নিয়োগ প্রাপ্ত অন্যান্য প্রার্থীদের তুলনায় মুক্তিযোদ্ধার সন্তানরা পরবর্তীতে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হন এবং পরে যোগদানের কারণে জ্যেষ্ঠতা প্রাপ্তির ক্ষেত্রে বৈষম্যের শিকার হচ্ছেন।

০২। এমতাবস্থায়, বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর/সংস্থায় মুক্তিযোদ্ধার পোষ্য কোটায় নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ যাতে জ্যেষ্ঠতার দিক থেকে এবং আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত না হয় সে জন্য সকল যোগ্য প্রার্থীকে একই সময়ে নিয়োগ প্রদান করে মুক্তিযোদ্ধা পোষ্য কোটায় নিয়োগপ্রাপ্তদের সনদসমূহ যাচাইয়ের নিমিত্তে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(মোঃ বাবুল মিয়া)

সিনিয়র সহকারী সচিব

টেলিফোন : ৯৫৬৪৪০০

সিনিয়র সচিব/সচিব

.....
.....
.....

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
- ০২। উপসচিব (প্রশাসন-৩), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৪। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৩), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৫। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৬। যুগ্মসচিবগণের ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।